

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়  
বাহুবল, হবিগঞ্জ।


প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি

বাহুবল উপজেলার বাহুবল আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রক্ষিত ২০২০ ও তৎপূর্ববর্তী শিক্ষাবর্ষের উদ্বৃত্ত/পরিত্যক্ত কিছু পুরাতন বই ও অন্যান্য কাগজপত্র যেখানে যে অবস্থায় আছে প্রকাশ্য নিলাম ডাকে আগামী ১০/০৩/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসার, বাহুবল, হবিগঞ্জ এর কার্যালয়ে বিক্রি করা হবে। নিলাম ডাকে অংশগ্রহনকারী ব্যক্তিগণ কে আগামী ১০/০৩/২০২২খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকার মধ্যে নগদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপি নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিয়ে নিলাম ডাকে অংশ গ্রহন করতে হবে।

ক্রঃনং	বিদ্যালয়ের নাম	মালামালের বিবরণ
১	বাহুবল আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়, বাহুবল, হবিগঞ্জ।	২০২০ ও তৎপূর্ববর্তী শিক্ষাবর্ষের উদ্বৃত্ত/পরিত্যক্ত কিছু পুরাতন বই ও অন্যান্য কাগজপত্র যেখানে যে অবস্থায় আছে।

শর্তাবলী :

- ১। প্রাক্কলনের মূল্য অনুযায়ী সর্বোচ্চ ডাক দাতার ডাক গ্রহণ করা হবে। তবে কোন কারণ দর্শানো ছাড়াই কর্তৃপক্ষ যে কোন ডাক গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
- ২। যার ডাক গৃহীত হবে তিনি ডাকের সম্পূর্ণ টাকা ০৩ (তিন) দিনের মধ্যে জমা দিতে বাধ্য থাকবেন। নিলামকৃত মালামাল যে অবস্থায় আছে কার্যাদেশ প্রাপ্তির ০৭ দিনের মধ্যে উপজেলা শিক্ষা অফিসারের নিকট হতে বুঝে নিতে হবে এবং বিদ্যালয়ের জায়গা খালি করে দিতে হবে। সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর জমা দিতে হবে।
- ৩। যদি সর্বোচ্চ ডাক দাতা ০৩(তিন) দিনের মধ্যে ডাকের সমুদয় মূল্য জমা প্রদানে ব্যর্থ হন অথবা কার্যাদেশ প্রদানের ০৭ (সাত) দিনের মধ্যে মালামাল অপসারণে যুক্তি সঙ্গত কারণ ব্যতিত ব্যর্থ হন তাহলে তার জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।
- ৪। যাদের ডাক গৃহীত হবে না তাদের জমাকৃত টাকা নিলাম কমিটি সিদ্ধান্তক্রমে তাৎক্ষনিক ফেরত প্রদান করা হবে।


  
(মোঃ আব্দুল ওয়াহেদ)  
উপজেলা শিক্ষা অফিসার(ভাঃপ্রাঃ)  
বাহুবল, হবিগঞ্জ।

তারিখঃ- ০২/০৩/২০২২ খ্রি.

স্মারক নং-উশিঅ/বাহু/হবি/২২/

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাহুবল, হবিগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বাহুবল, হবিগঞ্জ।
- ৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, হবিগঞ্জ।
- ৪। উপজেলা..... কর্মকর্তা, বাহুবল, হবিগঞ্জ।
- ৫। জনাব ..... বাহুবল, হবিগঞ্জ।
- ৬। নোটিশ বোর্ড, উপজেলা পরিষদ, বাহুবল, হবিগঞ্জ।
- ৭। নোটিশ বোর্ড উপজেলা প্রকৌশলীর কার্যালয়, বাহুবল, হবিগঞ্জ।
- ৮। নোটিশ বোর্ড অত্র অফিস ও অত্র অফিসের ওয়েবসাইট [www.ueo.bahubal.habiganj.gov.bd](http://www.ueo.bahubal.habiganj.gov.bd)
- ৯। সংরক্ষণ নথি।

  
(মোঃ আব্দুল ওয়াহেদ)  
উপজেলা শিক্ষা অফিসার(ভাঃপ্রাঃ)  
বাহুবল, হবিগঞ্জ।